

**AKASHVANI (AIR)**  
**RNU : KOLKATA**  
**Bengali Text Bulletin**

**Date 07-03-2025**

**Time: 7-50 P.M.**

বিশেষ বিশেষ খবর -

১) কেন্দ্রীয় সরকারের ওষুধের মান নির্ণয়ক সংস্থার পরীক্ষায় এরাজ্যের একাধিক সংস্থার বহু ওষুধ অনুভূর্ণ হওয়ায় রাজ্যের স্বাস্থ্য দফতর সেগুলি বাজার থেকে তুলে নেওয়ার নির্দেশ দিয়েছে।

ডাক্তাদের সংগঠন সার্ভিস ডক্টর্স ফোরাম রাজ্যের এতো পরিমাণ ওষুধ পরীক্ষায় অনুভূর্ণ হওয়ায় সরকারের সমালোচনা করেছে।

২) আজ জনগুরুত্ব দিবস। এসংক্রান্ত প্রকল্প সম্পর্কে সচেতনতা এবং জেনেরিক ওষুধের ব্যবহার বাড়ানোর উদ্দেশ্যেই দিনটি পালন করা হচ্ছে।

৩) রাজ্য বিধানসভার দ্বিতীয় পর্বের অধিবেশন শুরু হচ্ছে আগামী সোমবার।

৪) কেন্দ্রীয় শিক্ষা এবং উত্তর-পূর্বাঞ্চল উন্নয়ন প্রতিমন্ত্রী ডক্টর সুকান্ত মজুমদার পশ্চিমবঙ্গ এবং উত্তর-পূর্বাঞ্চলীয় রাজ্যগুলির মধ্যে শিল্প সমন্বয়ের ওপর জোর দিয়েছেন।

৫) যাদবপুর বিশ্ববিদ্যালয়ের সাম্প্রতিক ঘটনাবলি খতিয়ে দেখতে রাজ্যপাল, আচার্য সিভি আনন্দো বোস একটি তথ্য অনুসন্ধান কমিটি গঠনের নির্দেশ দিয়েছেন।

৬) ভারত-বাংলাদেশ যৌথ নদী কমিশনের ৮৬ তম বৈঠক আজ শেষ হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০

কেন্দ্রীয় সরকারের ওষুধের মান নির্ণয়ক সংস্থা সিডিএসসিও-র পরক্ষীয়া এরাজ্যের একাধিক সংস্থার বিপুল পরিমাণ ওষুধ অনুভূর্ণ হওয়ায় রাজ্যের স্বাস্থ্য দফতর সেগুলি বাজার থেকে তুলে নেওয়ার নির্দেশ দিয়েছে। স্বাস্থ্য ভবন থেকে জারি করা এক নির্দেশিকায় অবিলম্বে এধরনের ওষুধের ব্যবহার বন্ধ করতে বলা হয়েছে। রাজ্য ওষুধ গুণমান নিয়ন্ত্রক কর্তৃপক্ষকেও এব্যাপারে যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে বলা হয়েছে।

উল্লেখ্য, কেন্দ্রীয় ড্রাগ কন্ট্রোলের গুণমান পরীক্ষায় চলতি বছরের প্রথম দু-মাসে দেশের বিভিন্ন সংস্থার তৈরি প্রায় ৩-শো ওষুধ-কে নট ফর স্ট্যান্ডার্ড কোয়ালিটি ড্রাগস বলে ঘোষণা করা হয়।

এর মধ্যে আছে এরাজ্যের প্রায় বেশ কয়েকটি ওষুধ।

এদিকে, CDS-CO এর পরীক্ষায় এরাজ্যের এতোগুলি ওষুধ অনুভূর্ণ হওয়ার পর, রাজ্যের স্বাস্থ্য দপ্তর এগুলির ব্যাবহার বন্ধে যে নির্দেশ জারি করেছে, তার জন্য সরকারের কঠোর সমালোচনা করেছে ডাক্তারদের সংগঠন সার্ভিস Doctors' ফোরাম। সংগঠনের সাধারণ সম্পাদক ডাক্তার সজল বিশ্বাস বলেন, এই ওষুধ গুলি রাজ্য সরকারের ড্রাগ টেস্টিং অথরিটির কাছে হয় পাশ করেছিল, বা পরীক্ষা করাই হয় নি কিংবা একাংশ পরীক্ষা হয়েও তার রিপোর্ট এখনো আসেনি। অথচ ইতিমধ্যেই এই ওষুধগুলি হাসপাতাল বা অন্যত্র বিভিন্ন মানুষ গ্রহণ করেছে, এবং তার বিষয়িয়া ও হয়েছে। এটিকে এক জঘন্য অপরাধ বলেও তিনি উল্লেখ করেন।

(বাইট - সজল বিশ্বাস)

ভুয়ো ওষুধের সংখ্যা ক্রমশ বৃদ্ধি পাওয়ায় ওষুধ বিক্রেতাদের সংগঠন বেঙ্গল কেমিস্ট অ্যান্ড ড্রাগিস্ট অ্যাসোসিয়েশন বি সি ডি এ গভীর উদ্বেগ প্রকাশ করেছে। কলকাতায় আজ এক সাংবাদিক সম্মেলনে বি সি ডি এ-র সাধারণ সম্পাদক পৃথী বোস বলেছেন, রাজ্য দুর্বল কাঠামো, অপর্যাপ্ত পরীক্ষার ব্যবস্থা, সচেতনতার অভাব এবং বিশেষ আদালত না থাকার কারণেই এই ধরনের ওষুধের কারবারের রমরমা। বিষয়টি নিয়ন্ত্রণে আনতে তিনি জন সচেতনতা বৃদ্ধির পাশাপাশি নিয়ন্ত্রক ব্যবস্থা শক্তিশালী করা,

ওষুধের ওপর জি এস টি তুলে নেওয়া সহ বিভিন্ন ব্যবস্থা গ্রহণের জন্য কেন্দ্রের কাছে আবেদন জানান।

০০০০০০০০০০০০০০০০০০০

আজ জনওষধি দিবস। এসংক্রান্ত প্রকল্প সম্পর্কে সচেতনতা এবং জেনেরিক ওষুধের ব্যবহার বাড়ানোর উদ্দেশ্যেই দিনটি পালন করা হয়ে থাকে। সঠিক গুণমানের জেনেরিক ওষুধ ন্যায্য মূল্যে জন সাধারণের কাছে পৌঁছে দেবার লক্ষ্যে ২০০৮-এর নভেম্বর মাসে চালু হয় “প্রধানমন্ত্রী ভারতীয় জন ওষুধি পরিযোজনা”।

এই উপলক্ষে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন, সুস্থ ভারত গঠনে মানুষকে উচ্চমানের ও স্বাস্থ্যযী মূল্যে ওষুধ সরবরাহের জন্য সরকার প্রতিশ্রুতিবদ্ধ। উন্নত মানের ওষুধ দেশের প্রত্যন্ত এলাকাতেও পৌঁছে যাচ্ছে।

জনৌষধী দিবসে কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী জে পি নাড়া বলেছেন, বর্তমানে দেশে ১৫ হাজারের বেশি জনৌষধী কেন্দ্র সফলভাবে কাজ চালিয়ে যাচ্ছে। এর মাধ্যমে ১০ লক্ষের বেশি মানুষের কাছে সুলভ মূল্যে ওষুধ পৌঁছে দেওয়া সম্ভব হয়েছে।

উত্তর দিনাজপুরে কালিয়াগঞ্জে আজ জনৌষধি কেন্দ্র ঘুরে দেখেন রায়গঞ্জের সাংসদ কার্তিক চন্দ্র পাল। দোকানদারদের পাশাপাশি কথা বলেন ক্রেতাদের সঙ্গেও। ন্যায্য মূল্যের ওই ওষুধের দোকান থেকে অসংখ্য মানুষ উপকৃত হচ্ছেন বলেও তিনি উল্লেখ করেন।

অন্যদিকে, শিলিগুড়ির বানেশ্বর মোড় এলাকায় আজ একটি জনৌষধী কার্যালয়ের উদ্বোধন করেন সাংসদ জয়ন্ত রায় ও ডাবগ্রাম-ফুলবাড়ির বিধায়ক শিখা চ্যাটার্জী।

জয়ন্ত রায় জানান দেশে ১৫ হাজার জনৌষধী কেন্দ্র রয়েছে। আগামী দিনে আরও ২৫ হাজার এই ধরনের কার্যালয় তৈরির লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে।

০০০০০০০০০০০০০০০০

কোচবিহার মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসার গাফিলতিতে ডাউন সিন্ড্রোমে আক্রান্ত এক নাবালিকার মৃত্যু হয়েছে বলে অভিযোগ উঠেছে। জানা গেছে, গতকাল রাতে তুফানগঞ্জ এর বক্সিরহাট থেকে কোচবিহারে একটি বিয়ে বাড়িতে আসে ওই নাবালিকা। সেসময় হঠাৎই তার শ্বাসকষ্ট শুরু হয়। হাসপাতালে নিয়ে যাওয়া হলে সেখানে কর্তব্যরত চিকিৎসক তাকে বেশ কয়েকটি ইনজেকশন দেন। এর পরেই ওই নাবালিকার মৃত্যু হয়। এব্যাপারে পরিবারের পক্ষ থেকে কোতোয়ালি থানায় চিকিৎসার গাফিলতির অভিযোগ দায়ের হয়েছে। একই সঙ্গে অভিযোগ জানানো হয়েছে মেডিক্যাল কলেজের প্রিসিপালকেও। যদিও যাবতীয় অভিযোগ অস্বীকার করে হাসপাতাল কর্তৃপক্ষ জানিয়েছে, ওই নাবালিকাকে সংকটজনক অবস্থায় নিয়ে আসা হয়েছিল। কিন্তু তাকে চেষ্টা করে বাঁচানো যায়নি।

০০০০০০০০০০০০০০০০০০০

জলপাইগুড়ি মেডিক্যাল কলেজ হাসপাতালে অ্যান্টি র্যাবিস ভ্যাকসিনের সংকট দেখা দেওয়ায় চরম ভোগান্তিতে পড়েছেন রোগীরা। গত মঙ্গল বার থেকে এই ভ্যাকসিন গুলি অমিল। আজও রোগীদের ফিরে যেতে হয়েছে।

হাসপাতাল কর্তৃপক্ষের তরফে জানানো হয়েছে, স্বাস্থ্য দফতরের কাছে এই ভ্যাকসিন দ্রুত পাঠানোর অনুরোধ করা হয়েছে। খুব শিগগিরই পরিস্থিতি স্বাভাবিক হবে বলে আশা।

০০০০০০০০০০০০০০০০০

কেন্দ্রীয় শিক্ষা এবং উত্তর-পূর্বাঞ্চল উন্নয়ন প্রতিমন্ত্রী ডঃসুকান্ত মজুমদার পশ্চিমবঙ্গ এবং উত্তর পূর্বাঞ্চলীয় রাজ্যগুলির মধ্যে দৃঢ় শিল্প সমন্বয় গড়ে তোলার উপর জোর দিয়েছেন। আজ কলকাতায় উত্তর-পূর্ব বাণিজ্য ও বিনিয়োগ সংক্রান্ত এক রোড শোয়ে উত্তর-পূর্বাঞ্চলের অপার সম্ভাবনার কথা তুলে ধরেন সুকান্ত মজুমদার। তিনি বলেন প্রধানমন্ত্রীর নেতৃত্বে উত্তর-পূর্বাঞ্চলীয় রাজ্যগুলি বিনিয়োগের সুযোগ-সুবিধা এবং একযোগে 'বিকশিত ভারত' গড়ে তোলার স্বপ্ন সার্থক রূপ পাচ্ছে। আকাশ, সড়ক ও

রেল যোগাযোগ, জলপথ প্রভৃতি ক্ষেত্রে সম্প্রসারণ সহ গত ১০ বছরে প্রধানমন্ত্রীর নেতৃত্বে উত্তর-পূর্বাঞ্চলে যে সমস্ত উন্নয়নমূলক উদ্যোগ গ্রহণ করা হয়েছে, বলেও তিনি জানান। উত্তর-পূর্বাঞ্চলের আটটি রাজ্যের প্রত্যেকটিই অনন্য শক্তি, সম্পদ ও সুযোগ-সুবিধার মূর্ত প্রতীক, যা এই অঞ্চলকে ভারতের অগ্রগতির গন্তে এক অমূল্য সম্পদ করে তুলেছে।

(বাইট - সুকান্ত)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

উত্তরবঙ্গের আট জেলায় চা সুন্দরী, চা পর্যটন সহ রাজ্য সরকারের বিভিন্ন সামাজিক সুরক্ষা প্রকল্পের অগ্রগতি নিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি, মুখ্যসচিব মনোজ পন্থ এর কাছে রিপোর্ট তলব করেছেন। বিভিন্ন প্রকল্পের কাজ কর্তৃপক্ষ এগিয়েছে তা জানানোর পাশাপাশি আগামী দিনের পরিকল্পনা সংক্রান্ত বিষয়েও রিপোর্টে উল্লেখ করতে বলা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

উত্তর দিনাজপুরের শিল্পদ্যোগকে আরও সমৃদ্ধ করতে জেলার সিনার্জি কমিটিকে নিয়ে বৈঠক করলেন জেলাশাসক সুরেন্দ্র কুমার মীনা। যেখানে জেলায় কৃষি নির্ভর শিল্পস্থাপনের প্রস্তাব সহ দমকল ব্যবস্থাপনাকে তেলে সাজানোর বিষয়ে আলোচনা হয়েছে। রাজ্যের নির্দেশিকা অনুযায়ী শিল্পদ্যোগের ক্ষেত্রে কী ধরনের পদক্ষেপ প্রয়োজন, সে ব্যাপারেও জেলার বণিক সংগঠনের প্রতিনিধিরা কথা বলেছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০

বিজ্ঞান এবং আধ্যাত্মিকতার মধ্যে কোন বিরোধ নেই বরং একে অপরের পরিপূরক বলে পশ্চিমবঙ্গের রাজ্যপাল ডঃ সি ভি আনন্দ বোস মন্তব্য করেছেন। তিনি আজ রাজত্বনে রাজ্যের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের উপচার্য এবং বেশ কিছু বিদ্যালয়ের

ছাত্রছাত্রীদের কাছে বক্তব্য রাখার সময় বলেন তিনি বিশ্বাস করতেন বিজ্ঞান ও আধ্যাত্মিকতা কখনই মিলতে পারেনা। কিন্তু পরবর্তী কালে সেই ধারনা বদলে গেছে। অনুষ্ঠানে পদ্মশ্রী পুরস্কার প্রাপ্ত বিশিষ্ট বিজ্ঞানি কিরণ ব্যাস এবং ঈসা বিশ্ব প্রজ্ঞান পরিষদের নির্দেশক ক্রিস্টফের ডুমা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য বিধানসভার বাজেট অধিবেশনের দ্বিতীয় পর্ব শুরু হচ্ছে আগামী সোমবার ১০-ই মার্চ। দিন দশকের এই অধিবেশনে মূলত রাজ্যের বিভিন্ন দফতরের বাজেট বরাদ্দ নিয়ে আলোচনা হবে। অধিবেশনের কর্মসূচি চূড়ান্ত করতে বিধানসভা ভবনে আজ অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায়ের পৌরোহিত্যে বিধানসভার কার্য উপদেষ্টা কমিটির বৈঠক বসে। বৈঠকের পর অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন, আপাতত দোলের আগে ১৩ই মার্চ পর্যন্ত কর্মসূচী চূড়ান্ত হয়েছে। সোমবার ১০-ই মার্চ সদ্য প্রয়াত বিশিষ্ট ব্যক্তিদের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে অধিবেশনের সূচনা হবে। এরপরে সেদিনই অধিবেশনের দ্বিতীয়ার্ধে ২০২৪-২৫ আর্থিক বছরের ব্যয় মঞ্চুরি প্রস্তাবের ওপর অধিবেশনে দু'ঘণ্টা আলোচনা হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

স্বচ্ছ ভোটার তালিকার দাবি নিয়ে প্রদেশ কংগ্রেস আজ কলকাতায় মুখ্য নির্বাচনী আধিকারিক এর দণ্ডে স্মারকলিপি জমা দেয়। প্রদেশ কংগ্রেসের রাজ্য সাধারণ সম্পাদক আশ্বতোষ চট্টোপাধ্যায়ের নেতৃত্বে প্রদেশ কংগ্রেসের এক প্রতিনিধিদল কলকাতায় মুখ্য নির্বাচনী আধিকারিক এর কার্যালয়ে গিয়ে স্মারকলিপি জমা দেন। ভোটার ভোটার তালিকা স্বচ্ছ নয়। দীর্ঘদিন ধরে কংগ্রেস এই দাবি জানালেও স্বচ্ছ ভোটার তালিকা তৈরির উদ্যোগ নির্বাচন কমিশন নিচে না বলে অভিযোগ করেন আশ্বতোষ বাবু। আশ্বতোষ বাবু বলেন, নির্বাচন কমিশন অবাধ ও সুষ্ঠু নির্বাচনের কথা বলে, অথচ ভোটার তালিকা স্বচ্ছ করার কোন উদ্যোগ নেওয়া হচ্ছে না।

(বাইট - আঙ্গোষ)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

যাদবপুর বিশ্ববিদ্যালয়ের সাম্প্রতিক ঘটনাবলি খতিয়ে দেখতে রাজ্যপাল, আচার্য সিভি আনন্দো বোস একটি তথ্য অনুসন্ধান কমিটি গঠনের নির্দেশ দিয়েছেন। রাজ্যপালের অফিসার অন স্পেশাল ডিউটি এক লিখিত বিবৃতিতে জানিয়েছেন, যাদবপুরের বর্তমান পরিস্থিতির প্রেক্ষিতে আচার্য শ্রী বোস, ভারপ্রাপ্ত উপাচার্যর কাছ থেকে একটি রিপোর্ট চেয়েছিলেন। ইতিমধ্যে সেই রিপোর্ট জমা পড়েছে। একইভাবে পড়ুয়া এবং শিক্ষকদের তরফেও একাধিক অভিযোগ জমা পড়েছে। কমিটি সেগুলি খতিয়ে দেখবে।

এদিকে, কলকাতা হাইকোর্টের নির্দেশের প্রেক্ষিতে আহত ছাত্র ইন্দ্রানুজ রায়ের অভিযোগের ভিত্তিতে যাদবপুর থানা, শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু এবং শিক্ষক নেতা ওম প্রকাশ মিশ্রের বিরুদ্ধে FIR গ্রহণ করেছে। বিচারপতি তীর্থকর ঘোষ ছাত্রটির অভিযোগ FIR হিসেবে গ্রহণের জন্য পুলিশকে নির্দেশ দিয়েছিলেন। ঘটনার পাঁচ দিনের মাথায় গৃহীত এই FIR-এর ভিত্তিতেই শুরু হয়েছে তদন্ত।

বিধানসভার অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় বলেছেন, শিক্ষামন্ত্রীর বিরুদ্ধে পড়ুয়াদের বিক্ষোভ ও অভিযোগ সত্ত্বেও তিনি এই ঘটনায় যে ধরনের মনোভাব দেখিয়েছেন, তা প্রশংসনীয়।

অন্যদিকে, এস এফ আই-এর রাজ্য সম্পাদক দেবাঞ্জন দে FIR দায়ের হওয়ার পরেও শিক্ষামন্ত্রী গ্রেফতার না হওয়ায় ক্ষোভ প্রকাশ করেছেন। সাংবাদিকদের আজ তিনি বলেন,

(বাইট - দেবাঞ্জন)

এদিকে যাদবপুরের ঘটনার প্রতিবাদে নাগরিক মধ্যের পক্ষ থেকে আজ প্রতিবাদ মিছিল বের করা হয়। কলকাতা পুরসভার মেয়র ফিরহাদ হাকিম ওই মিছিলকে কটাক্ষ

করে বলেছেন, প্রতিবাদ মিছিল গণতান্ত্রিকভাবে সকলেই করতে পারে। কিন্তু আইন মেনে কাজ করতে হবে।

০০০০০০০০০০০০০০০০

ভারত-বাংলাদেশ যৌথ নদী কমিশনের ৮৬ তম বৈঠক আজ শেষ হয়েছে। বৈঠকের দ্বিতীয় দিনে কলকাতার একটি পাঁচতারা হোটেলে দু-দেশের কারিগরী কমিটি গঙ্গার জলবন্টনের পাশাপাশি বিভিন্ন নদীর বন্যা নিয়ন্ত্রণ, সেচ পরিষেবার উন্নতি সহ একাধিক দ্বিপাক্ষিক কর্মসূচী নিয়ে আলোচনা করে।

বাংলাদেশ থেকে আসা ১১সদস্যের প্রতিনিধি দলের সঙ্গে ঐ বৈঠকে ছিলেন কেন্দ্রীয় সরকারের পাশাপাশি এরাজ্যের প্রতিনিধিরাও।

উল্লেখ্য, গতকাল ভারত-বাংলাদেশ যৌথ নদী কমিশনের ৮৬ তম বৈঠকের প্রথম দিনে, দুদেশের মধ্যে বিভিন্ন নদীর জল বণ্টন নিয়ে আলোচনা করতে একটি কারিগরী কমিটি গঠন করা হয়। দুই দেশের প্রতিনিধিরাই এই কমিটিতে রয়েছেন।

এই কারিগরী কমিটি জল বণ্টন ইস্যুতে সুপারিশ তৈরি করে নিজেদের দেশের সরকারের কাছে তা জমা দেবে। কমিটির সেই সুপারিশের ভিত্তিতেই আগামী তিনমাসের মধ্যে গঙ্গার জল বণ্টন চুক্তির ভবিষ্যৎ নির্ধারণ হবে বলে জানা গেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

আগামীকাল আন্তর্জাতিক নারী দিবস। এবছরের থিম – সমস্ত নারী ও কন্যার জন্য সমানাধিকার, সাম্য ও ক্ষমতায়ন।

এদিকে, নারী উন্নয়ন এবং ক্ষমতায়নে রাজ্য সরকার একাধিক উদ্যোগ নিয়েছে। কন্যাশ্রী সহ বিভিন্ন প্রকল্পের সফল বাস্তবায়ন হয়েছে। আগামীকাল আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষ্যে, আজ কলকাতার সল্টলেকে পশ্চিমবঙ্গ সরকারের নারী ও শিশু বিকাশ এবং

সমাজ কল্যাণ দণ্ডের এক অনুষ্ঠানে যোগ দিয়ে মন্ত্রী শশী পাঁজা আকাশবাণীকে বলেন ( এক্সক্লুসিভ) মেয়েদের শিক্ষায় উৎসাহ দিতে কন্যাশ্রী একটি অভিনব কর্মসূচি ।

( বাইট - শশী পাঁজা)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

আন্তর্জাতিক নারী দিবসে আগামীকাল প্রচারিত আকাশবাণী কলকাতার সংবাদ বিভাগের বিশেষ আলোচনা “অর্ধেক আকাশ”। দুটি ভাগে বিভক্ত এই অনুষ্ঠানের প্রথম পর্বের অতিথি পদ্মশ্রী পুরস্কারে সম্মানিত শিল্পী মমতা শঙ্কর। দ্বিতীয় পর্যায়ে থাকবেন নারী আন্দোলনের কর্মী অধ্যাপিকা শাশ্বতী ঘোষ। দুজনের সঙ্গে কথা বলেছেন সুস্মিতা মণ্ডল।

অনুষ্ঠানটি শোনা যাবে ৮-ই মার্চ শনিবার রাত আটটায় গীতাঞ্জলী প্রচারতরঙ এবং ১০৭ এফ এম ও ডিটিএইচ বাংলা পরিষেবায়।

০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০